সিলিমার ক্যাপসুল
লিভার সুরক্ষাকারী

উপাদান ঃ
প্রতিটি ক্যাপসুল এ আছে
সিলিমারিন যুক্ত মিল্ক থিসল এর স্ট্যান্ডার্ডাইজড্ ড্রাই এক্সট্রাক্ট ৭০ মিগ্রা:
ও অন্যান্য উপাদান
সূত্র ঃ মিল্ক থিসল, বাংলাদেশ জাতীয় ইউনানী ফর্মূলারী।
ইউনানী ঔষধ

বর্ননা ঃ
মিল্ক থিসল বীজ যকৃত সুরক্ষক হিসেবে বহুল স্বীকৃত । এটি যকৃতের ক্ষতিকর পদার্থ নিষ্ক্রিয়করণ ক্ষমতা পুনঃস্থাপিত করে। এর এন্টিঅক্সিডেন্ট ও প্রোটিন পুনঃস্থাপন ক্ষমতার ফলে এটি যকৃতের সুরক্ষা প্রদান ও যকৃতকোষ পুনঃস্থাপনে সক্ষম। সিলিমারিন (যা সিলিমার এর মূল কার্যকরী উপাদান) এর এন্টিঅক্সিডেন্ট ক্রিয়া ভিটামিন-ই এর চাইতে কয়েক গুন বেশি। সিলিমারিন যকৃতকোষের বাইরের ঝিলি-কে সুস্থিত করে যকৃতে ক্ষতিকর পদার্থের অনুপ্রবেশ রোধ করে। সিলিমারিন কোষ ঝিলি- প্রোটিন ও বিভিন্ন গ্রাহকের সাথে ক্ষতিকর পদার্থকে যুক্ত করে এগুলোকে অপসারিত করে। সিলিমারিন প্রোটিন সংশে-ষণ প্রক্রিয়া উদ্দিপ্ত করে নতুন যকৃতকোষ তৈরিতে সহায়তা করে ফলে ধ্বংস প্রাপ্ত যকৃতকোষ পুনঃস্থাপিত হয়। সিলিমারিন যকৃতে সঞ্চিত ক্ষতিকর পদার্থ অপসারণে কার্যকর ভূমিকা রাখে।

রোগ নির্দেশ ঃ
যকৃত প্রদাহ, যকৃতের ক্রিয়াবৈকল্য, পিত্তকোষের ক্রিয়াবৈকল্য, জন্ডিস, পিত্তকোষ প্রদাহ, প-ীহারোগ, পুরাতন যকৃত প্রদাহ, যকৃতের তান্ডবতা (লিভার সিরোসিস), এবং পেট ফাঁপায় সিলিমার কার্যকর।

সেবন বিধি ঃ
১-২ টি করে ক্যাপসুল দৈনিক ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুয়ায়ী সেব্য।

পার্শ-প্রতিক্রিয়া ঃ
নির্দেশিত মাত্রায় প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে সিলিমার সেবনে কোন পার্শ-প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।
সিলিমারিন অতিরিক্ত মাত্রায় সেবনে অতিরিক্ত ঘর্ম, পেটের আক্ষেপ, বমিভাব, বমি, উদরাময়, শারিরীক দুর্বলতা দেখা দিতে পারে।

সতর্কতা ও প্রতিনির্দেশ ঃ
সিলিমারিন জাতীয় ঔষধের সাথে বিউটাইরোফেনন বা ফেনোথায়াজাইন ব্যবহারে স্নেহ পদার্থের অতিজারণ ব্যহত হয়। সিলিমারিন ইয়াহামবিন ও ফেনোটোলামিনের বিপরীত ক্রিয়া করায় সিলিমার ক্যাপসুল এদের সাথে ব্যবহার নিষিদ্ধ।

গর্ভাবস্থায় ও দুগ্ধদানরত মায়েদের ক্ষেত্রে ব্যবহার ঃ
সিলিমার গর্ভাবস্থায় ও দুগ্ধদানরত মায়েদের ক্ষেত্রে কোন প্রকার বিরূপ ক্রিয়া জানা যায় নাই তবে, প্রয়োজনে চিকিৎসকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ব্যবহার করা যেতে পারে।

পরিবেশনা ঃ
১০ x ৩ = ৩০ ক্যাপসুলের বি-স্টার বক্স।

সংরক্ষণ ঃ
আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাহিরে রাখুন।
* অনুরোধে বিস্ড়ারিত তথ্য সরবরাহ করা হয়।

Neptune
নেপচুন ল্যাবরেটরীজ লিঃ
গাজীপুর-বাংলাদেশ